**National Institute of Biotechnology**
Ministry of Science and Technology
Government of the People's Republic of Bangladesh
Ganakbari, Ashulia, Savar, Dhaka-1349.
Phone: +88-02-7789458, Fax: +88-02-7789636

**ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি**
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।
ফোন: +৮৮-০২-৭৭৮৯৪৫৮, ফ্যাক্স: +৮৮-০২-৭৭৮৯৬৩৬

স্মারক নং-৩৯.০৬.২৬৭২.০০১.৯৯.০০১.২০- ১৬১৮

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৮
০২ জুন ২০২১

# অফিস আদেশ

যেহেতু, জনাব মোছা: রোকশানারা খাতুন, বৈজ্ঞানিক কর্মকর্তা, এনিমেল বায়োটেকনোলজি বিভাগ, গত ২৩-০৪-২০১৩ খ্রি. হতে ৩০-০৬-২০১৫ খ্রি. তারিখ পর্যন্ত উচ্চ শিক্ষা অর্জনের নিমিত্ত ২ (দুই) বছরের জন্য শিক্ষা ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন এবং অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, নির্ধারিত সময়ে শিক্ষা সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পন্ন হওয়ার পর জনাব মোছা: রোকশানারা খাতুন এনআইবি কর্তৃপক্ষের নিকট ২১/০৬/২০১৫ তারিখে (ই-মেইলে প্রেরিত পত্রের মাধ্যমে) ছুটির মেয়াদ এক বছর বৃদ্ধি এবং একটি প্রাইভেট প্রতিষ্ঠানে কাজ করার অনুমতি প্রদানের জন্য আবেদন করেন। এনআইবি কর্তৃপক্ষ তাঁর আবেদন না মঞ্জুর করে নির্ধারিত সময় ৩০ জুন, ২০১৫ এর মধ্যে কর্মস্থলে যোগদান করার জন্য পত্র প্রেরণ করে (স্মারক নং- ৩৯.৭০১.০১৮.০১.০০.০০.২০১৫/৪৮৪৮, তারিখ: ২৮/০৬/২০১৫)।

যেহেতু, নির্ধারিত সময় অতিবাহিত হলেও কাজে যোগদান ও কর্তৃপক্ষের সহিত কোনরূপ যোগযোগ না করায় তাঁকে পুণরায় যথাক্রমে ১৬/০৭/২০১৫ তারিখে (স্মারক নং- ৩৯.৭০১.০১৮.০১.০০.০০.২০১৫/৪৯১৩) এবং ১৭/০৮/২০১৫ তারিখে (স্মারক নং- ৩৯.৭০১.০১৮.০১.০০.০০.২০১৫/৪৯৭৬ ) দুটি পত্র প্রেরণ করা হয় ও ই-মেইলে যোগাযোগের চেষ্টা করা হয়। তৃতীয় পত্র প্রেরণের পর বিগত ০৯/০৯/২০১৫ তারিখে বিভাগীয় প্রধানের নিকট ই-মেইলে প্রেরিত পত্রের মাধ্যমে জনাব মোছা: রোকশানারা খাতুন চাকুরী হতে ইস্তফা প্রদানের ইচ্ছার কথা জানান। সে মোতাবেক ইস্তফা প্রদানপূর্ব করনীয় এবং অর্থ সংক্রান্ত যাবতীয় হিসাব প্রেরণ করা হলেও তিনি বিভিন্ন অজুহাতে সময় ক্ষেপন করেছেন।

যেহেতু, পরবর্তীতে, 'পাওনা পরিশোধকরত চাকুরী হতে ইস্তফা প্রদান' শিরোনামে ৩০ দিন সময় নির্ধারন করে জনাব মোছা: রোকশানারা খাতুনকে তিনবার এবং 'জামিনদার হিসেবে পাওনা আদায়ে ব্যবস্থা গ্রহণ' শিরোনামে জনাব মোঃ জহুরুল ইসলাম, জামিনদারকে (মুচলেকা প্রদানকারী) তিনবার পত্র প্রেরণ করা হলেও এইসব পত্রের অনুষ্ঠানিক কোন জবাব পাওয়া যায়নি (স্মারক নং: ৩৯.৭০১.০১৮.০১.০০.০০.২০১৫/৬০২(১),(২); তারিখ: ১৩/০৭/২০১৬; স্মারক নং: ৩৯.৭০১.০১৮.০১.০০.০০.২০১৫/৭৪৩(১),(২) তারিখ: ২৯/০৮/২০১৬; স্মারক নং: ৩৯.৭০১.০১৮.০১.০০.০০.২০১৫/৮৮৭ তারিখ: ১৬/১০/২০১৬ )। আনুষ্ঠানিক যোগাযোগ না করলেও জনাব খাতুন অনানুষ্ঠানিকভাবে ই-মেইলের মাধ্যমে বিভিন্ন সময় আশ্বস্ত করেছেন দেশে আসার পর এনআইবিতে এসে যথাযথ পন্থায় সকল পাওনা পরিশোধ করে দিবেন। এভাবে অনেক কাল ক্ষেপন হলেও তিনি এনআইবিতে আসেননি বা কোনরূপ যোগাযোগ করেননি।

"শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন"

**National Institute of Biotechnology**
Ministry of Science and Technology
Government of the People's Republic of Bangladesh
Ganakbari, Ashulia, Savar, Dhaka-1349.
Phone: +88-02-7789458, Fax: +88-02-7789636

**ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি**
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।
ফোন: +৮৮-০২-৭৭৮৯৪৫৮, ফ্যাক্স: +৮৮-০২-৭৭৮৯৬৩৬

সেহেতু, তার এহেন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ১২ নভেম্বর, ২০১৮ তারিখের ৩৯.০০.০০০০.০২৫.২৭.০০২.১৮.২৬৩ নং স্মারকে পত্র দ্বারা আদিষ্ট হয়ে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি চাকুরী প্রবিধানমালা ২০১১ -এর প্রথম অধ্যায়ের বিধি -১১ এবং সপ্তম অধ্যায়ের বিধি-৩৭ এর (গ) এবং একই অধ্যাযের বিধি -৩৮ এর (ক ও খ) অনুযায়ী অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১-০৭-২০১৫ খ্রি. তারিখ হতে জনাব মোছা: রোকশানারা খাতুনকে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) -এর চাকুরী হতে অপসারণ করা হ'ল । তার নিকট থেকে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) -র পাওনা টাকা আদায়ে বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

02/06/2021
ড. মো. সলিমুল্লাহ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৭৭৮৯৪৫৮
E-mail: dgnibbd@gmail.com

বিতরণ:
১। জনাব মোছা: রোকশানারা খাতুন, বৈজ্ঞানিক কর্মকর্তা, এনিমেল বায়োটেকনোলজি বিভাগ, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)। স্থায়ী ঠিকানা- পিতা: মো: জহুরুল ইসলাম, মাতা: রোকেয়া বেগম, গ্রাম: দুবুল হুদা, ডাকঘর: পঞ্চপুকুর, উপজেলা: নীলফামারী, জেলা: নীলফামারী।
২। জনাব মো: জহুরুল ইসলাম, পিতা: মো: নাদের আলী, বর্তমান ঠিকানা: ময়ুরাক্ষী (১ম তলা), শালগাড়ীয়া (গোরস্থান মোড়), পাবনা। স্থায়ী ঠিকানা: গ্রাম-সিংগা বাইপাস বাজার মোড়, থানা+জেলা: পাবনা।

স্মারক নং-৩৯.০৬.২৬৭২.০০১.৯৯.০০১.২০-১৩২৪৫(৮) ০২ জুন, ২০২১ খ্রি.

অনুলিপি: (সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে)
১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বায়োটেকনোলজি সেল, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। বিভাগীয় প্রধান/ইনচার্জ (সকল), ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)
৫। প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের কপি।
৬। অফিস কপি।

02/06/2021
ড. মো. সলিমুল্লাহ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৭৭৮৯৪৫৮
E-mail: dgnibbd@gmail.com